



## একাত্তরের নদী

### কাইউম পারভেজ

তাজা রক্তের ধারা গড়িয়ে গড়িয়ে মিশে গেলো  
একাত্তরের নদীতে ।

রক্ত কি রক্তের গন্ধ পায়?

ভায়ের রক্ত কি ভায়ের রক্তের পানে ধায়?

মুক্তিযোদ্ধার রক্ত!

মুক্তিযোদ্ধার ভায়ের রক্ত !!

মুক্তিযোদ্ধার কাছেই কি পৌঁছে যায়?

পিলখানা থেকে গড়িয়ে গড়িয়ে  
শহীদ মিনার - স্মৃতিসৌধ - শিখা অনির্বাণ  
প্রিয়তমা স্ত্রীর ললাট, মায়ের শুভ্র আঁচল,  
পুত্রের দুধগন্ধ কচি হাত  
আদুরে দুলালীর গলা ছুঁয়ে  
বাবার বক্ষ চিরে ফিনকী দেয়া রক্ত মিশে গেলো  
একাত্তরের নদীতে ।

ছাব্বিশে মার্চ যেন পৌঁছে গেলো

পঁচিশে ফেব্রুয়ারীর কাছে ।

দু' হাজার নয় যেমন পৌঁছে গেলো

রক্তাক্ত একাত্তরে ।

দিনপঞ্জী কি উল্টে গেলো?

ভাই হোলি খেলে ভাইয়ের রক্তে ।

সে ভাই কি তবে বদলে গেলো?

স্বাধীনতা কি তবে থমকে গেলো?

ছাব্বিশের প্রজ্ঞা কি তবে বদলে গেলো?

সব বদলে যায় - বদলে যায় - যাচ্ছে

শুধু বদলায় না ওরা ----  
একাত্তরে পঁচাত্তরে গুনে গুনে দু হাজার নিয়ে  
যেমন ছিলো ঠিক তেমন ।  
এখনো হয় না ব্যবচ্ছেদ!  
কিসের ভয় কার ভয় কাদের ভয়?  
জাগো তো হে একাত্তরের সন্তান  
ছাব্বিশে মার্চের কোটি প্রাণ  
ওদের নির্মূলের বিজয় দিবস সমাগত ।

একাত্তরের নদী এখন উন্মত্ত ।  
উদ্ধত । শোকাহত ।